

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(রাজস্ব শাখা)।

www.jamalpur.gov.bd

বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নং-৩১.৪৫.৩৯০০.০১৩.১৩.০১১.০৯-৫০১

তারিখঃ- ০৩/০৫/২০২০ খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার নিম্নবর্ণিত বালুমহাল যে অবস্থায় আছে, সে অবস্থায় বাংলা ১৪২৭ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০' ও 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১' এর আলোকে তালিকাভুক্ত ইজারাদারগণ (বালুমহাল) প্রকাশ্যে দরপত্রের মাধ্যমে ইজারা টেন্ডারে অংশ গ্রহণ করতে পারবে, প্রতিটি দরপত্র/আবেদন ফরম ১,০০০/- (এক হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে রাজস্ব শাখা, জামালপুর কালেক্টরেট থেকে সংগ্রহ করা যাবে। ১ম বার প্রয়োজনীয় সংখ্যক বৈধ দরপত্র/আবেদনপত্র না পাওয়া গেলে ২য় হতে ৩য় বার বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী দরপত্রের বিজ্ঞপ্তি পর্যায়ক্রমে কার্যকর থাকবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রত্যেক অফিস চলাকালীন সময়ে এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে এবং এ সংক্রান্ত শর্তাবলী আবেদনের সহিত সরবরাহ করা হবে।

দরপত্র/আবেদন ফরম বিক্রি ও গ্রহণের সময়সূচিঃ

পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের তারিখ	দরপত্র ফরম গ্রহণের শেষ তারিখ ও সময়	দরপত্র ফরম খোলার তারিখ ও সময়	দরপত্র ফরম প্রাপ্তির স্থান	দরপত্র ফরম দাখিলের স্থান
১ম পর্যায়	০৭/০৫/২০২০ খ্রিঃ হতে ১৩/০৫/২০২০ খ্রিঃ পর্যন্ত	১৪/০৫/২০২০ খ্রিঃ দুপুর ১:০০ টা পর্যন্ত	১৪/০৫/২০২০ খ্রিঃ বিকাল ৩:০০ টা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, জামালপুর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, ইসলামপুর, জামালপুর।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, জামালপুর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, ইসলামপুর, জামালপুর।
২য় পর্যায়	২৭/০৫/২০২০ খ্রিঃ হতে ০২/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত	০৩/০৬/২০২০ খ্রিঃ দুপুর ১:০০ টা পর্যন্ত	০৩/০৬/২০২০ খ্রিঃ বিকাল ৩:০০ টা	ঐ	ঐ
৩য় পর্যায়	১৪/০৬/২০২০ খ্রিঃ হতে ২১/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত	২২/০৬/২০২০ দুপুর ১:০০ টা পর্যন্ত	২২/০৬/২০২০ খ্রিঃ বিকাল ৩:০০ টা	ঐ	ঐ

বিজ্ঞপ্তিকৃত বালুমহালের তালিকাঃ

ক্রমিক নং	উপজেলার নাম	বালুমহালের নাম	বালুমহালের আয়তন (একরে)	সম্ভাব্য সরকারি মূল্য	প্রস্তাবিত ইজারার মেয়াদ	মন্তব্য
০১।	জামালপুর সদর	রশিদপুর, চন্দ্রা বালুমহাল	৪৯.৩০০০	৫০,০০০/-	১৪২৭ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪২৭ সালের বাংলা পর্যন্ত।	
০২।	ইসলামপুর	গোয়ালিনীরচর বালুমহাল	৩৫.৪২০০	৩,২০,০০০/-	১৪২৭ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪২৭ সালের বাংলা পর্যন্ত।	

দরপত্রের শর্তাবলিঃ

- ০১। বর্তমান প্রচলিত সরকারি 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১' এর আলোকে আবেদনপত্র গ্রহণ পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে বালুমহাল সমূহ ইজারা প্রদান করা হবে।
- ০২। আবেদনকারীর সদ্যতোলা ৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রদত্ত তালিকাভুক্তির সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৩। বালুমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ ১৪২৭ হতে ৩০শে চৈত্র ১৪২৭ বাংলা সাল পর্যন্ত কার্যকর হবে। আবেদন অনুমোদন প্রাপ্তির বিলম্ব হলেও এ বিলম্বের কারণে কোন সময় বর্ধিত হবে না। ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে কার্যকর হবে।
- ০৪। প্রতিটি দরপত্রের উল্লিখিত মূল্যের ২৫% হারে জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, জামালপুর এর অনুকূলে আবেদনের সহিত দাখিল করতে হবে।
- ০৫। গৃহীত বালুমহালের ইজারা মূল্যের উপর ভিত্তিকরে অতিরিক্ত ৫% হারে আয়কর ও ১৫% হারে মূল্যসংযোজন কর (ভ্যাট) এবং গৃহীত মূল্যের সাকুল্য টাকা ডাক গ্রহণের ০৭(সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইতোপূর্বে জমাকৃত টাকা বায়েজাপ্ত হয়ে যাবে এবং বালুমহাল পুনঃ ইজারা/বন্দোবস্তের ব্যবস্থা নেয়া হবে।
- ০৬। বালুমহালটি বন্দোবস্ত পাওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সাকুল্য অর্থ (ইজারা মূল্য, আয়কর ও মূল্যসংযোজন কর ভ্যাটসহ) পরিশোধ করে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করে বালুমহাল এর দখল বুঝে নিতে হবে।
- ০৭। বালুমহালটি যেখানে যে অবস্থায় রয়েছে সে অবস্থায়ই ইজারা দেয়া হবে। ইজারা প্রদানের পর এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৮। কাটাকাটি/ঘষামাজা বা অস্পষ্ট দরপত্র/আবেদনপত্র গ্রহণযোগ্য নহে। দরপত্র সিডিউলের প্রতি পাতায় দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। দরপত্রে দেয় মূল্য অংকে ও কথায় লিখতে হবে এবং সিলমোহরকৃত খামে প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথকভাবে আবেদন ফরম দাখিল করতে হবে। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- ০৯। ইজারা অনুমোদনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ ব্যাপারে কোন আপত্তি গ্রহণ করা হবে না।
- ১০। বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।
- ১১। ইজারাপ্রাপ্ত বালুমহাল কোন অবস্থাতেই আংশিক বা সম্পূর্ণভাবে কারো নিকট সাব-লীজ বা হস্তান্তর করা যাবে না। এরূপ করলে ইজারা বাতিলযোগ্য হবে।
- ১২। বিজ্ঞপ্তিতে প্রকাশিত ইজারার জন্য প্রস্তাবিত এলাকার (আয়তন) বাইরে বালু উত্তোলন করা যাবে না। কোন অবস্থাতেই বালু ব্যতীত অন্য কিছু উত্তোলন করা যাবে না।
- ১৩। বালুমহাল ইজারা সংক্রান্ত বিষয়ে সরকারি সকল নীতিমালা প্রযোজ্য হবে এবং ইজারাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।
- ১৪। ভুল/মিথ্যা তথ্য সংবলিত এবং অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ১৫। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলীয় জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পর ফেরত দেয়া হবে।
- ১৬। উপরোক্ত শর্তাবলীর যেকোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকারি সম্পত্তি ক্ষতিসাধন করলে ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যে কোন শর্ত ভঙ্গ করলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিলযোগ্য হবে।
- ১৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।



০৪-০৪-২০২০

(মোহাম্মদ এনামুল হক)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি

জামালপুর

টেলিফোন নং-০৯৮১-৬৩১৮৮

ই-মেইল: dcjamalpur@mopa.gov.bd